গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সিংড়া, নাটোর।
www.singra.natore.gov.bd

স্মারক সংখ্যা ঃ ০৫.৪৩.৬৯৯১.০০০.০৫.০০১.২০২৩- ২২৫

তারিখঃ ০৭ চৈত্র, ১৪২৯
২১ মার্চ, ২০২৩

**সিংড়া উপজেলাধীন ইঞ্জিন/মেশিন চালিত শ্যালোঘাট এর টেন্ডার বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নাটোর জেলার সিংড়া উপজেলার নিম্নবর্ণিত ০৮টি শ্যালোঘাট বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত এক (০১) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্তে অপর পৃষ্ঠায় বর্ণিত শর্তসাপেক্ষে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র ফরম অফিস চলাকালীন (ছুটিরদিন ব্যতীত) সময়ে নিম্নবর্ণিত সময়সূচী মোতাবেক জেলা প্রশাসক, নাটোর মহোদয়ের এসএ শাখা, সহকারী কমিশনার (ভূমি), সিংড়া, নাটোর-এর কার্যালয়ে এবং এ অফিস হতে নির্ধারিত মূল্যে নগদ অর্থে পাওয়া যাবে।

দরপত্র সকাল ১০.০০ টা হতে বেলা ১.০০ পর্যন্ত সময়ের মধ্যে সহকারী কমিশনার (ভূমি), সিংড়া, নাটোর-এর কার্যালয়ে এবং এ অফিসে রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হবে এবং ঐ দিনই বিকেল ৩.০০ (তিন) ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে এ অফিস হতে জানা যাবে।

**শ্যালোঘাট/নৌকাঘাটের তালিকা ও তপশীল নিম্নরুপ ঃ**

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | শ্যালোঘাটের নাম | ১৪৩০ সম্ভাব্য ইজারা মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১। | চামারী | বিলদহর শ্যালোঘাট | ৮৯,৬১৩/- | ১,০০০/- |
| ০২। | শেরকোল | শেরকোল শ্যালোঘাট | ৩,২৬৪/- | ৩০০/- |
| ০৩। | তাজপুর | বালুয়া-বাসুয়া শ্যালোঘাট | ৯,৮৭৬/- | ৫০০/- |
| ০৪। | ঐ | তেমুখ নঁওগা শ্যালোঘাট | ৬,৪১৩/- | ৫০০/- |
| ০৫। | চৌগ্রাম | চৌগ্রাম শ্যালোঘাট | ৩,৪১১/- | ৩০০/- |
| ০৬। | ঐ | জামতলী শ্যালোঘাট | ১৩,৪২২/- | ৫০০/- |
| ০৭। | ছাতারদিঘী | কালিগঞ্জ শ্যালোঘাট | ৫,৫৯২/- | ৫০০/- |
| ০৮। | ঐ | ভূলবাড়িয়া শ্যালোঘাট | ৯,৯৭০/- | ৫০০/- |

**দরপত্র বিক্রয়, গ্রহণ ও খোলার সময়সূচী ঃ**

| ক্রঃ নং | দফা/ পর্যায় | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | ১ম | ০২/৪/২৩, বিঃ ৫টা | ০৩/৪/২৩, বেলা-১টা | ০৩/৪/২৩, বেলা-২টা | ১ম টেন্ডারে যেসকল ঘাটের দরপত্র গৃহীত হবেনা ২য় টেন্ডারে শুধু সেসকল ঘাটের দরপত্র গ্রহণ করা হবে এবং একইভাবে ২য় টেন্ডারে যেসকল ঘাটের দরপত্র গৃহীত হবেনা ৩য় টেন্ডারে শুধু সে সকল ঘাটের দরপত্র গ্রহণ করা হবে। |

Mhamuda
২১/৩/২৩

(মাহমুদা খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
সিংড়া, নাটোর।
ফোন ঃ ০১৭২৬-৬৯২১১৪
unosingra@mopa.gov.bd

২১/৩/২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সিংড়া, নাটোর।
**www.singra.natore.gov.bd**

স্মারক সংখ্যা ঃ ০৫.৪৩.৬৯৯১.০০০.০৫.০০১.২০২০- ২২৫ তারিখ ঃ ০৭ চৈত্র, ১৪২৯ / ২১ মার্চ, ২০২৩

<u>অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ</u>

০১। জেলা প্রশাসক, নাটোর।
০২। পুলিশ সুপার, নাটোর।
০৩। সিভিল সার্জন, নাটোর।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর।

<u>অনুলিপি অবগতি ও নোটিশ বোর্ডে ঝুলিয়ে প্রচারের জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ</u>

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিংড়া, নাটোর।
০৬। মেয়র, সিংড়া পৌরসভা, সিংড়া, নাটোর।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর/বড়াইগ্রাম/গুরুদাসপুর/লালপুর/বাগাতিপাড়া/নলডাঙ্গা, নাটোর।
০৮। সহকারী কমিশনার (ভূমি), সিংড়া/নাটোর সদর/বড়াইগ্রাম/গুরুদাসপুর/লালপুর/বাগাতিপাড়া/নলডাঙ্গা, নাটোর।
০৯। জেলা তথ্য অফিসার, নাটোর।
১০। অফিসার ইনচার্জ, সিংড়া থানা, সিংড়া, নাটোর।
১১। উপজেলা ............................................................অফিসার, সিংড়া, নাটোর।
১২। চেয়ারম্যান, .................................... (সকল) ইউনিয়ন পরিষদ, সিংড়া, নাটোর।
১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ......................... (সকল) ইউনিয়ন ভূমি অফিস, সিংড়া, নাটোর। উক্ত বিজ্ঞাপনটি বহুল প্রচারপূর্বক জারীর প্রতিবেদন যথাসময়ে অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৪। পোস্ট মাস্টার, সিংড়া পোস্ট অফিস, সিংড়া, নাটোর।
১৫। জনাব........................................................................................ সিংড়া, নাটোর।
১৬। অফিস কপি।

Mhamuda
২১/৩/২৩
(মাহমুদা খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
সিংড়া, নাটোর।
ফোন ঃ ০১৭২৬-৬৯২১১৪
**unosingra@mopa.gov.bd**
২১/৩/২৩

# বাংলা ১৪৩০ সনের শ্যালোঘাট ইজারার শর্তাবলী

১। বাংলা ১৪৩০ সনের জন্য শ্যালোঘাট ইজারা দেয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ২৫% (শতকরা পঁচিশভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তপশিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, সিংড়া, নাটোর-এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৩। যাহার দরপত্র গৃহিত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তরভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সংগে পরিশোধ করিতে হইবে। অন্যথায় ঘাটের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট শ্যালোঘাট পূর্ববর্তী ৩ (তিন) বৎসরের গড় ইজারা মূল্য (সরকারি মূল্য) হইতে কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী ৩ (তিন) বছরের গড় ইজারা মূল্য হইতে কম হয় তাহা হইলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকিবে।

৫। এক ঘাটের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক ঘাটের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও শ্যালোঘাটের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল রেইট আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না।

৮। প্রত্যেক ঘাটের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

৯। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকা নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১০। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১১। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১২। শ্যালোঘাটের ইজারার সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৩। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

দরপত্র দাতার স্বাক্ষর ও তারিখ
মোবাইল ফোন নম্বর-

Mahmuda

(মাহমুদা খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
সিংড়া, নাটোর।
ফোন ঃ ০১৭২৬-৬৯২১১৪
unosingra@mopa.gov.bd